দৈনিক
জনকণ্ঠ

তারিখ 12 JAN 20·3
পৃষ্ঠা ... কলাম ...

# সিলেটে এইডেড হাইস্কুলের প্রধান শিক্ষককে দায়িত্ব হস্তান্তরের নির্দেশ বেআইনী ॥ অভিযোগ

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥ সিলেটের প্রাচীনতম শিক্ষা প্রতিষ্ঠান দি এইডেড হাইস্কুলের প্রধান শিক্ষক বিরাজ মাধব চক্রবর্তীর চাকরির মেয়াদ সম্প্রসারণ সংক্রান্ত আবেদনপত্রটি বিবেচনা না করে দায়িত্ব হস্তান্তর করার নির্দেশটি বিদ্যালয় পরিচালনায় বেআইনী ও উদ্দেশ্যমূলক হস্তক্ষেপ বলে অভিযোগ করা হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় সিলেট প্রেসক্লাবে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে বিদ্যালয় পরিচালনা পরিষদের পক্ষ থেকে অভিযোগ উত্থাপন করে বলা হয়, স্কুলের বর্তমান প্রধান শিক্ষক বিরাজ মাধব চক্রবর্তীর চাকরির মেয়াদ আরও দুই বছর সম্প্রসারণের জন্য প্রধান শিক্ষকের আবেদনপত্রটি বিদ্যালয় পরিচালনা পরিষদের সদস্যরা অনুমোদন করার জন্য হাইস্কুলের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ কায়কোবাদের কাছে উপস্থাপন করেন। এ নিয়ে কয়েক দফা বৈঠক হলেও ম্যানেজিং কমিটির চেয়ারম্যান কোন সিদ্ধান্ত দেননি। অভিযোগে আরও বলা হয় গত ২৩ ডিসেম্বর এ নিয়ে সর্বশেষ বৈঠক বসলেও ম্যানেজিং কমিটির চেয়ারম্যান বৈঠকে উপস্থিত হননি।